

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি আইন, ২০১৬ এর প্রস্তাবিত খসড়ার বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি	: মোঃ সিরাজুল ইসলাম সচিব স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
সভার স্থান	: বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সম্মেলন কক্ষ, ভবন নং-০৩, কক্ষ নং-৩৩২, ৪র্থ তলা)
সভার তারিখ	: ৩০/১১/২০১৬ খ্রিঃ।
সভার সময়	: সকাল ১২.৩০ ঘটিকা।
উপস্থিতি তালিকা	: পরিশিষ্ট 'ক'

১.০. আলোচনাঃ

১.১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি জনকল্যাণে বহুবিধ কাজ সম্পন্ন করে থাকে। এ সোসাইটি পরিচালনায় বিদ্যমান আইনটি যুগোপযোগী ও হালনাগাদ করা সময়ের দাবী। তিনি প্রস্তাবিত খসড়া সভায় উপস্থাপনের অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (হাসপাতাল) বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি আইন- ২০১৬ প্রনয়নের প্রেক্ষাপট সংক্ষেপে তুলে ধরেন। অতঃপর সভায় খসড়া আইনটি ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়। সভাপতি যে সকল ধারায় অসংগতি বা মতানৈক্য রয়েছে শুধুমাত্র সেসকল ধারার বিষয়ে উপস্থিত সকলকে মতামত প্রদানের অনুরোধ করেন।

১.২. মহাসচিব, রেডক্রিসেন্ট সোসাইটি বলেন, গত ২৬.০৯.২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রিসভার নীতিগত অনুমোদনের লক্ষে আইনটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছিল। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নীতিগত অনুমোদন প্রদান না করে কতিপয় নির্দেশনাসহ আইনটি ফেরত প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে আইনে জাতীয় রাজস্ববোর্ড ও অর্থ বিভাগের মতামত সংযোজন করে বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির বোর্ড সভায় যাচাই বাছাই পূর্বক উক্ত সভার অনুমোদনক্রমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তিনি আইনের ৭ ধারায় মহামান্য রাষ্ট্রপতি পদাধিকার বলে 'চেয়ারম্যান' শব্দটির পরিবর্তে 'প্রেসিডেন্ট' শব্দটি প্রতিস্থাপন করা এবং গর্ভনিং বোর্ডের সভাপতি পদটিকে নির্বাচনের মাধ্যমে এবং জেলা পরিষদের চেয়ারম্যানকে জেলা কমিটির সভাপতি হিসেবে প্রতিস্থাপনের অনুরোধ করেন।

১.৩. পরিচালক (অপারেশন, সিপিপি) বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি বলেন, প্রাথমিকভাবে আইনের খসড়া প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি জেলা পর্যায়ের সকল সদস্যের মতামত গ্রহণ পূর্বক বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির বার্ষিক সাধারণ সভায় (AGM) আইনটি উপস্থাপন করে এবং সাধারণ সভার অনুমোদনক্রমে খসড়াটি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করে। তিনি সোসাইটি গঠনে জেলা কমিটিতে সদস্য পদে মহিলা প্রতিনিধি অর্ন্তভুক্ত করার প্রস্তাব করেন।

১.৪. পরিচালক (পিএন্ডডি), রেডক্রিসেন্ট সোসাইটি বলেন, বিদ্যমান Bangladesh Red Crescent Society Order, 1973 (President's Order No. 26 of 1979) এ জেলা কমিটিতে জেলা পরিষদের চেয়ারম্যানগণ অন্তর্ভুক্ত ছিল। তিনি বর্তমান খসড়ায় পূর্বের ন্যয় জেলা প্রশাসকদের পরিবর্তে জেলা পরিষদের চেয়ারম্যানদের অন্তর্ভুক্ত করার পক্ষে মতামত প্রদান করেন।

১.৫. অতিরিক্ত সচিব (হাসপাতাল) বলেন, জেলা প্রশাসকগণ যে কোন দুর্যোগ মোকাবেলায় সমন্বয়ের ক্ষেত্রে তাৎক্ষণিক ভূমিকা রাখতে সক্ষম। অপরদিকে জেলা পরিষদের চেয়ারম্যানগণকে জনপ্রতিনিধি উল্লেখ করে তিনি জেলা পরিষদের চেয়ারম্যান বা জেলা প্রশাসক, জেলা কমিটিতে অন্তর্ভুক্ত হবেন সে বিষয়ে সোসাইটির পক্ষ হতে লিখিত প্রস্তাব প্রেরণের অনুরোধ করেন। তিনি আইন সংশোধনের নিমিত্ত বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে একটি উপ-কমিটি গঠনের প্রস্তাব করেন।

১.৬. সিনিয়র সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় বলেন, প্রস্তাবিত বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি আইন-২০১৬ এর ধারা-৬ এবং ধারা-১৭ এ উল্লিখিত সোসাইটির সদস্যপদ দু'ভাবে লেখা হয়েছে, বিষয়টি স্পষ্টীকরণ করা প্রয়োজন। এছাড়া ধারা ১৮(২) এ 'সরকার' বলতে কাকে বোঝানো হয়েছে তাও স্পষ্ট করা দরকার। প্রয়োজনে 'সরকার' শব্দটি সঙ্গায় অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি ধারা ২৫ এ উল্লিখিত বৈদেশিক অনুদান গ্রহণের ক্ষেত্রে Foreign Donation Act অনুসরণ করার প্রস্তাব করেন।

১.৭. উপসচিব, শিক্ষা মন্ত্রণালয় বলেন, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি আইন, সিডরসহ যে কোন সাইক্রোন, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। জেলা পর্যায়ে জেলা প্রশাসকগণ দুর্যোগ মোকাবেলায় সমন্বয়কারী হিসাবে দায়িত্ব পালন করেন। লা শাখার ক্ষেত্রে পদাধিকার বলে শাখা কমিটির সভাপতি হিসেবে জেলা প্রশাসকগণকে দায়িত্ব প্রদান করা হলে সমন্বয়কের দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হবে মর্মে তিনি উল্লেখ করেন।

১.৮ যুগ্মসচিব লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ বলেন, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে গঠিত উপ-কমিটিতে আইনটি উপস্থাপনপূর্বক প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও বিয়োজন করে পরবর্তী সভায় চূড়ান্ত খসড়া উপস্থাপন করা যেতে পারে।

২.০. বিস্তারিত আলোচনান্তে সভার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

২.১. প্রস্তাবিত রেডক্রিসেন্ট সোসাইটি আইন ২০১৬ এর ধারা-৬ এবং ধারা-১৭ এ উল্লিখিত সোসাইটির বিষয় স্পষ্টীকরণ করতে হবে।

২.২. ধারা-৭ এ মহামান্য রাষ্ট্রপতি পদাধিকার বলে বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির 'চেয়ারম্যান' এর স্থলে 'প্রেসিডেন্ট' শব্দটি প্রতিস্থাপন করতে হবে।

২.৩. ধারা ২৫-এ বিদেশী অনুদান গ্রহণের ক্ষেত্রে Foreign Donation Act অনুসরণের বিষয়টি অর্ন্তভুক্ত করতে হবে।

২.৪. অতিরিক্ত সচিব (হাসপাতাল) এর নেতৃত্বে যুগ্মসচিব (হাসপাতাল), মহাসচিব, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি এবং পরিচালক (সিপিপি) বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি এর সমন্বয়ে ৪(চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি আগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে আইনের খসড়া যাচাই বাছাই পূর্বক চূড়ান্ত খসড়া প্রণয়ন করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

তারিখঃ ৩০/১১/২০১৬ খ্রিঃ

(মোঃ সিরাজুল ইসলাম)

সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-স্বাপকম/হাস-৩/রেড ক্রিসেন্ট সং বিধান-০১/২০০৫ (অংশ-০১)-৩৬৬

তারিখঃ-০৭-১২-২০১৬ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৫। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ঢাকা।
- ০৮। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সচিব, যুব ও ক্রীড়া বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৩। মহাসচিব, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি, ৬৮৪-৬৮৬ রেডক্রিসেন্ট সড়ক, বড় বগবাজার, ঢাকা-১২১৭।
- ১৪। পরিচালক, পিএন্ডডি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, ৬৮৪-৬৮৬ রেডক্রিসেন্ট সড়ক, বড় বগবাজার, ঢাকা-১২১৭।
- ১৫। পরিচালক, সিপিপি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, ৬৮৪-৬৮৬ রেডক্রিসেন্ট সড়ক, বড় বগবাজার, ঢাকা-১২১৭।

অনুলিপি সদয় অবগতিঃ

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০৫। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০৬। যুগ্মসচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(রেহান ইয়াছমিন)

উপসচিব

ফোন- ৯৫৪৯১৯২